ঝিনাইদহের হলিধানী বাজারের মহিলা মার্কেট এখন অসাধু পুরুষ ব্যবসায়ীদের দখলে

ঝিনাইদহ সদর উপজেলার হলিধানী বাজারে অবস্থিত মহিলা মার্কেটটির প্রকৃত মালিক মহিলারা হলেও তা এখন আর তাদের দখলে নেই। দীর্ঘদিন ধরে এক শ্রেণীর অসাধু দখলদারদের দখলে চলে গেছে। ফলে এলাকার সাধারণ মানুষ মার্কেটটি দখলমুক্ত করে প্রকৃত ভাড়াটিয়াদের কাছে হস্তান্তরের জন্য প্রশাসনের হস্তক্ষেপ কামনা করেছেন।

খোজ নিয়ে জানা যায়, বিগত বিএনপি জোট সরকারের আমলে তৎকালীন হলিধানী ইউনিয়নের চেয়ারম্যান জামায়াত নেতা মাওলানা মসলেম উদ্দিনের অনুসারীরা প্রকৃত ভাড়াটিয়া মহিলাদের উচ্ছেদ করে তাদের পছন্দমত ব্যক্তিদের মোটা অংকের টাকা জামানতের বিনিময়ে ঘরগুলো ভাড়া দিয়ে রেখেছে। যে কারণে এলাকার সাধারণ মানুষের মাঝে ক্ষোভের সৃষ্টি হয়েছে।

জানা যায়, ওই মার্কেটে ৮ টি দোকান ঘর আছে। এরমধ্যে ওই ইউনিয়নের কিবরিয়া মেম্বর, এবং সাবেক মহিলা মেম্বর জাহানারা খাতুন ঘরগুলো নিজেদের দখলে রেখে মোটা অংকের টাকার বিনিময় অন্যত্রে ভাড়া দিয়েছে।

বর্তমান ঘরে থাকা ব্যবসায়ী আমির হোসেন বলেন, সাবেক মেম্বর জাহানারাকে দেড় লক্ষ টাকা অগ্রিম দিয়েছি। প্রতিমাসে ৮ শত টাকা ভাড়া দিই।
অপর আরেক ভাড়াটিয়া শামিম হোসেন বলেন, আমার এক খালাম্মার কাছ থেকে আমি ঘরটি ভাড়া নিয়ে ব্যবসা করছি। প্রতি মাসে তাকে হাজার খানেক টাকা ভাড়া গুনতে হয়। ইতিপূর্বে ঘরের প্রকৃত ভাড়াটিয়া ছিলেন কাশিপুর গ্রামের হাসিনা বেগম, কোলা গ্রামের স্বামী পরিত্যক্তা মাছুরা, রোকেয়া খাতুন, প্রতাপপুর গ্রামের মুর্শিদা খাতুন ও সুরাইয়া খাতুন।

এলাকাবাসী অভিযোগ করেন ঘরগুলো এভাবে ভাড়াদিয়ে কতিপয় ব্যক্তিরা যেমন একদিকে লাভবান হচ্ছেন তেমনি করে সরকার মোটা অংকের রাজস্ব^ হারাচ্ছে।

এব্যাপারে সদর উপজেলা নির্বাহী অফিসার মোঃ বদরুদ্দোজা শুভ বলেন, এ ধরণের একটি ঘটনা শুনেছি। যাচাই বাছাই সাপেক্ষে ব্যবস্থা নেওয়া হবে।

পৃথক অভিযানে মহেশপুর সীমান্তÍ থেকে ভারতীয় মদ এবং গাজা আটক

ঝিনাইদহের মহেশপুর (৫৮ বিজিবি) বিভিন্ন বিওপি’র নিজস্ব গোয়েন্দা তথ্যের ভিত্তিতে ভারতীয় মদ এবং গাজা উদ্ধার করেছে বিজিবি। শনিবার রাত ৩টার দিকে মহেশপুর (৫৮ বিজিবি) এর অধিনস্ত বেনীপুর বিওপির হাবিলদার নজরুল ইসলাম এর নেতৃত্বে ০৫ সদস্য বিশিষ্ট টহল দল নিজস্ব গোয়েন্দা তথ্যের ভিত্তিতে সীমান্তের শূন্য লাইনের ৩০০ গজ বাংলাদেশের অভ্যন্তরে চুয়াডাংগা জেলার জীবননগর উপজেলার বেনীপুর বাজারের পাশে পাকা রাস্তার নিকট হতে মাদক বিরোধী অভিযান পরিচালনা করে মালিকবিহীন ০৭ বোতল ভারতীয় মদ উদ্ধার করা হয়।

অপর দিকে মেদিনীপুর বিওপির হাবিলদার অখিল কুমার এর নেতৃত্বে ০৫ সদস্য বিশিষ্ট টহল দল সীমান্তের শূন্য লাইন হতে আনুমানিক ১০০ গজ চুয়াডাংগা জেলার জীবননগর উপজেলার হরিহরনগর বাশঝাড়ের মধ্যে হতে মালিকবিহীন ৩৮ বোতল ভারতীয় মদ আটক করে।

এছাড়া রবিবার বেলা ১টার দিকে মহেশপুর ব্যাটালিয়নের সামান্তা বিওপির হাবিলদার সাখাওয়াত হোসেন এর নেতৃত্বে ০৫ সদস্য বিশিষ্ট টহল দল সীমান্তের শূন্য লাইন হতে আনুমানিক ৩০০ গজ বাংলাদেশের অভ্যন্তরে ঝিনাইদহ জেলার মহেশপুর উপজেলার সামন্তা গ্রামের মাঠের মধ্যে হতে মাদক বিরোধী অভিযান পরিচালনা করে মালিকবিহীন ০৯ কেজি ভারতীয় গাজা আটক করে।

ঝিনাইদহে দুই ভূয়া পুলিশ আটক

ঝিনাইদহে পুলিশ পরিচয়ে প্রতারণার মামলায় দুই যুবক গ্রেফতার, নগদ টাকা ও মোবাইল ফোন উদ্ধার করেছে পুলিশ। এ ঘটনায় গত ১ ডিসেম্বর রায়গ্রাম ইউনিয়নের ইউপি সদস্য রবিউল ইসলাম বাদী হয়ে প্রতারকদের বিরুদ্ধে কালীগঞ্জ থানায় মামলা দায়ের করে।

রোববার দুপুরে ঝিনাইদহ পুলিশ সুপারের কার্যালয়ে এক প্রেস ব্রিফিংয়ে অতিরিক্ত পুলিশ সুপার আবুল বাশার জানান, জাহিদ ও উজ্জল ঝিনাইদহের কালীগঞ্জ ও যশোরের কেশবপুরসহ বিভিন্ন এলাকার ইউপি মেম্বর-চেয়ারম্যানদের কাছে পুলিশ পরিচয় দিয়ে প্রতারণার মাধ্যমে অর্থ উপার্জন করে আসছিল। তাদের প্রতারণার বিষয়টি ছিল ভিন্ন। স্মার্ট ভাবে কথাবার্তা বলে তারা সহজেই ইউপি চেয়ারম্যান এবং মেম্বরদের বশ করতে পারতো। এ ভাবে তারা কালীগঞ্জের ২০ ব্যক্তির কাছে পুলিশ পরিচয়ে ফোন করে ৭ ব্যক্তির কাছে সফল হয় এবং টাকা হাতিয়ে নেয়। এছাড়া ঝিনাইদহ ও যশোরের কেশবপুর এলাকার মেম্বর চেয়ারম্যানদের কাছেও ফোন করে একই ভাবে প্রতারণার মাধ্যমে টাকা হাতিয়ে নেয় ওই চক্রটি। এ ঘটনায় তাদের বিরুদ্ধে মামলা হয়। শনিবার রাতে কালীগঞ্জ থানার এস আই জাকারিয়া ও এএসআই আশিকুল সঙ্গীয় ফোর্স নিয়ে যশোরের অভয়নগর উপজেলার আলমডাঙ্গা এলাকায় অভিযান চালিয়ে জহিদ ও উজ্জল হোসেন নামের দুই যুবককে গ্রেফতার করে। পরে তাদের স্বীকারোক্তি মোতাবেক নগদ ৬২ হাজার টাকা ও প্রতারণার কাজে ব্যবহৃত কয়েকটি মোবাইল ফোন ও সিম উদ্ধার করা হয়। গ্রেফতারকৃত উজ্জল বেনাপোল পোর্ট থানা এলাকার ছোট আঁচড়া গ্রামের রফিকুল ইসলাম খোকনের ছেলে ও জাহিদ শার্শা উপজেলার বেনাপোল পোর্ট এলাকার বড় আঁচড়া গ্রামের ছামসুজ্জোহার ছেলে। গ্রেফতারকৃতদের বিকেলে আদালতে সোপর্দ করা হয়েছে।

মেহেরপুরে টেলিটক কাস্টমার

কেয়ারের যাত্রা শুরু

বাংলাদেশ সরকারের মোবাইল সিম অপারেটর টেলিটক এই প্রথম মেহেরপুরে চালু করলো কাস্টমার সার্ভিস সেন্টার। রবিবার দুপুরে মেহেরপুর কাশারীপাড়া সংলগ্ন মতু চেয়ারম্যান এর বাড়ির সামনে আনুষ্ঠানিকভাবে সার্ভিস সেন্টারের উদ্বোধন করা হয়। বাংলাদেশ টেলিটক লিমিটেড এর ব্যবস্থাপনা পরিচালক সাহাব উদ্দিন ভার্চ্যুয়াল কনফারেন্সে নতুন কাস্টমার কেয়ারের শুভ উদ্বোধন ঘোষনা করেন।

নতুন কাস্টমার কেয়ারের উদ্বোধন কালে টেলিটক বাংলাদেশ লিমিটেড এর সেলস ডিস্ট্রিবিউশন ইনচার্জ মামুনুর রশিদ এর সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, টেলিটক বাংলাদেশ লিমিটেডের সেলস ডিস্ট্রিবিউশন ও সিআরএম এর মহা ব্যবস্থাপক শেখ ওয়াহিদুজ্জামান, খুলনা বিভাগীয় ইনচার্জ হুমায়ন কবির, কুষ্টিয়া-চুয়াডাঙ্গা ইনচার্জ হাসান শাহরিয়ার, মেহেরপুর সেন্টারের ইনচার্জ শফিরুল ইসলাম, কুষ্টিয়া সেলস ইনচার্জ ফজলে রাব্বি।

কোটচাঁদপুরে ৪র্থ “ডিজিটাল বাংলাদেশ” দিবস পালিত

“যদিও মানছি দুরুত্ব, তবুও আছি সংযুক্ত” এই প্রতিপাদ্য নিয়ে ঝিনাইদহের কোটচাঁদপুরে ৪র্থ “ডিজিটাল বাংলাদেশ” দিবস ২০২০ পালিত হয়েছে। দিবসটি উপলক্ষে শনিবার সকালে উপজেলা প্রশাসনের উদ্যোগে উপজেলা পরিষদ মিলনায়তনে সেমিনার ও পুরস্কার বিতরণ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

উপজেলা নির্বাহী অফিসার আসাদুজ্জামান রিপনের সভাপতিত্বে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, উপজেলা ভাইস চেয়ারম্যান মোঃ রিয়াজ হোসেন ফারুক, মাধ্যমিক শিক্ষা অফিসার মোঃ রতন মিয়া, পৌর আ.লীগের আহ্বায়ক ফারজেল হোসেন মন্ডল ও সাবেক মুক্তিযোদ্ধা কমান্ডার তাজুল ইসলাম।

সেমিনারে স্বাগত বক্তব্য রাখেন সহকারী প্রোগ্রামার মোঃ জিয়াউল ইসলাম ও তথ্যসেবা কর্মকর্তা তানিয়া সুলতানা। কোটচাঁদপুর মডেল সরকারি পাইলট মাধ্যমিক বিদ্যালয়ের সহঃ আইসিটি শিক্ষক সাজেদুর রহমান।

শিক্ষার্থীদের পক্ষ থেকে সেমিনারে অংশ নেয় কোটচাঁদপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের ছাত্রী সাইমা আজগর সামিয়া, শেখ মোজাফফর হোসেন মাধ্যমিক বিদ্যালয়ের ছাত্রী সুজানা সানজু খাঁন, শেরখালী মাধ্যমিক বিদ্যালয়ের ছাত্র মোঃ জাহিদুল ইসলাম। আলোচনা সভা শেষে পুরস্কার বিতরণ করা হয়।

জীবননগরে ডিজিটাল দিবস ২০২০ উপলক্ষে সেমিনার অনুষ্ঠিত

জীবননগরে ডিজিটাল দিবস উপলক্ষে সেমিনার অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শনিবার বেলা সাড়ে ১১টার সময় জীবননগর উপজেলা প্রশাসন ও তথ্যপ্রযুক্তি অধিদপ্তরের আয়োজনে উপজেলা পরিষদের হলরুমে ডিজিটাল দিবস উপলক্ষে সেমিনার অনুষ্ঠিত হয়।

জীবননগর উপজেলা নির্বাহী অফিসার এস এম মুনিম লিংকনের সভাপতিত্বে এ সময় উপস্থিত ছিলেন, জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী হাফিজুর রহমান।

উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী, জীবননগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম, উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার মোস্তাফিজুর রহমান প্রমুখ।

বঙ্গবন্ধুর ভাস্কর্য ভাংচুরের প্রতিবাদে জীবননগরে প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত

বঙ্গবন্ধুর ভাস্কর্য ভাংচুরের প্রতিবাদে জীবননগরে সরকারি কর্মকর্তা কর্মচারীদের প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শনিবার সকাল সাড়ে ১০টার সময় জীবননগর উপজেলা প্রশাসনের আয়োজনে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ভাস্কর্য ভাংচুরের প্রতিবাদে জীবননগর শহরের মেইন বাসষ্ট্রান্ড চক্তরে উপজেলার সকল সরকারি কর্মকর্তা কর্মচারীদের প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

এ সময় উপস্থিত ছিলেন জীবননগর উপজেলা নির্বাহী অফিসার এস এম মুনিম লিংকন,জীবননগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম, প্রাথমিক শিক্ষা অফিসার মোস্তাফিজুর রহমান, জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্◌্◌েরর আবাসিক মেডিকেল অফিসার ডাঃ মাহমুদ বিন হেদায়েত সেতু, উপজেলা সমবায় অফিসার মতেহার হোসেন, মৎস্য অফিসার ফরহাদুর রহমানসহ উপজেলার সকল সরকারি কর্মকর্তা কর্মচারীগন উপস্থিত ছিলেন।

সাংবাদিক হাবিবেব উপর হামলার ৮দিন পার, অপরাধীরা অধরা

দামুড়হুদা প্রেস ক্লাবের যুগ্ম-সম্পাদক হাবিবুর রহমান হাবিবের উপর অতর্কিত সন্ত্রাসী হামলার ঘটনার ৮দিন পার হলেও এখনও অপরাধীরা ধরাছোঁয়ার বাইেও রয়েছে।

হামলার দিন দামুড়হুদা মডেল থানায় লিখিত অভিযোগ দায়ের করলেও এখনো পর্যন্ত অপরাধীদের বিরুদ্ধে নেওয়া হয়নি কোনো আইনি

ব্যবস্থা! এ ঘটনায় সাংবাদিক মহলে তীব্র ক্ষোভের সৃষ্টি হয়েছে।

জানা যায়, গত ৫ডিসেম্বর দামুড়হদা প্রেস ক্লাবের নব-নির্বাচিত কমিটির সভাপতি এম.নুরুন্নবী, সাধারণ সম্পাদক বখতিয়ার হোসেন বকুলসহ নেতৃবৃন্দ প্রেস ক্লাবের সদস্যদের সাথে সৌজন্য সাক্ষাত করতে যায়। এসময় প্রেস ক্লাবের সদস্য সালাউদ্দিনের সাথে দেখা করতে যায়। এসময় প্রেস ক্লাবের যগ্ম-সম্পাদক হাবিবুর রহমান হাবিব স্থানীয় এক সাংবাদিকের সাথে দেখা হলে কথা বলতে থাকে।

যুগ্ম-সম্পাদক হাবিবুর রহমান হাবিব ও স্থানীয় ঐ সাংবাদিক কার্পাসডাঙ্গা বাজার মোড়ে সিদ্ধ ছোলা খাচ্ছিলো, সে সময় কার্পাসডাঙ্গা ইউনিয়নের কোমরপুর গ্রামের সুকলালের ছেলে সোহাগ ও বিল্লালের ছেলে বখতিয়ার রহমান বকুল কাঠের হকস্ট্রিক দিয়ে হামলা চালায় হাবিবের উপর।

এঘটনায় গুরুত্বর জখম হয় হাবিবুর রহমান হাবিব। পরে প্রেস ক্লাব নেতৃবৃন্দ হাবিব কে গুরুত্বর জখম অবস্থায় উদ্ধার করে দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে প্রাথমিক চিকিৎসা দিয়ে ঐ রাতেই হাবিব বাদি হয়ে দামুড়হুদা মডেল থানায় একটি লিখিত অভিযোগ করে । তবে এ ঘটনায় একটি চক্র অর্থের বিনিময়ে বিষয়টি ধামাচাপা দিতে মরিয়া হয়ে উঠেছে।

এ বিষয়ে দামুড়হুদা প্রেস ক্লাবের নব-নির্বাচিত সভাপতি এম নুরুন্নবী বলেন, আমরা নব-নির্বাচিত কমিটির নেতৃবৃন্দ কার্পাসডাঙ্গার সদস্যদের সাথে সৌজন্য সাক্ষাত করতে যায় ।

এসময় কোমরপুর গ্রামের সুকলালের ছেলে সোহাগ ও বিল্লালের ছেলে বখতিয়ার রহমান বকুল হাবিরের উপর অতর্কিত হামলা চালায়।
ঐদিন রাতেই দামুড়হদা মডেল থানায় একটি লিখিত অভিযোগ দায়ের করা হয়। তবে দুঃখজনক হলেও সত্য যে অজানা কারণে একনো পর্যন্ত মামলাটি রেকর্ড হয়নি।

তাই আজ রোববার দামুড়হদা প্রেস ক্লাবের জরুরি বৈঠক ডাকা হয়েছে। জরুরি বৈঠক শেষে আমরা কর্মসূচি দেবো। এ বিষয়ে দামুড়হদা মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা ওসি আব্দুল খালেক বলেন, এটি মামলা হওয়ার মতো বিষয় না ।

ওদের একে অপরের ব্যক্তিগত কোনো ঝামেলার জন্য হয়তো হাবিব কে মারপিট করেছে। তবে আমরা বিষয়টি ততটা পরিষ্কার না।

পদ্মা সেতু দৃশ্যমান হওয়ায় গাংনী উপজেলা ছাত্রলীগের আনন্দ শোভাযাত্রা

পদ্মা সেতুর স্প্যান বসানো সম্পূর্ণ ও সেতু দৃশ্যমান হওয়ায় মেহেরপুরের গাংনী উপজেলা ছাত্রলীগের উদ্দ্যোগে আনন্দ শোভাযাত্রা ও ছাত্রলীগ সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। গতকাল শনিবার বিকেলে গাংনী বাজারের শহীদ রেজাউল চত্বরে এ অনুষ্ঠান হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন, জেলা ছাত্রলীগের সভাপতি আব্দুস সামাদ বাধন। প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন, জেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক মুনতাসির জামান মৃদুল।

উপজেলা ছাত্রলীগের সভাপতি আমিনুল ইসলাম সেন্টুর সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক আসিফ ইকবাল অনিকের পরিচালনায় বিশেষ অতিথি ছিলেন, গাংনী উপজেলা ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক ফয়সাল জাহান শিশির, পৌর ছাত্রলীগের সভাপতি ডালিম রানা, সাধারণ সম্পাদক নাসিরুল ইসলাম মোহন, জেলা ছাত্রলীগের সহ-সভাপতি শাহজাহান আলী, মেহেরপুর সরকারী কলেজ ছাত্রলীগের সাধারণ সম্পাদক একে কুতুব ।

এসময় উপজেলা ছাত্রলীগের বিভিন্ন ইউনিট ছাত্রলীগের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। এর আগে একটি মোটরসাইকেল শোভাযাত্রা বের হয়ে উপজেলার বিভিন্ন এলাকা প্রদক্ষিণ শেষে গাংনী বাজারে সমাবেশের মাধ্যমে শেষ হয়।

গাংনীর কাথুলী ইউপি নির্বাচনে

মনোনয়ন প্রত্যাশী আতিয়ার রহমানের র্যালী

মেহেরপুরের গাংনীর ১ নং কাথুলী ইউনিয়নে চেয়ারম্যান মনোনয়ন প্রত্যাশী উপজেলা কৃষকলীগের সাধারণ সম্পাদক আতিয়ার রহমান নেতাকর্মীদের নিয়ে মোটর সাইকেল র্যালী করেছে। গতকাল শনিবার বিকেলে ইউনিয়নের বিভিন্ন ওয়ার্ডে ওয়ার্ডে মোটর সাইকেল র্যালীটি প্রদক্ষিণ করে।

এ সময় প্রায় তিন শতাধিক মোটর সাইকেল র্যালীতে অংশগ্রহণ করে। র্যালী শেষে নেতাকর্মীরা সৌজন্য সাক্ষাৎ করার জন্য উপজেলা পরিষদ চেয়ারম্যান ও জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেকের বাসভবনে আসেন।

পরে গাংনী বাসস্ট্যান্ডের রেজাউল চত্বরে কুষ্টিয়ায় স্বাধীনতার স্থপতি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানের ভাস্কর্য ভাঙচুরের প্রতিবাদে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করা হয়েছে। উপজেলা কৃষকলীগের সাধারণ সম্পাদক আতিয়ার রহমানের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন উপজেলা পরিষদ চেয়ারম্যান ও জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক।

সমাবেশে বক্তব্য রাখেন জেলা কৃষকলীগের যুগ্ম সাধারণ সম্পাদক মশিউর রহমান পলাশ, উপজেলা কৃষকলীগের সহ-সভাপতি আলমাস হোসেন, সহ-সভাপতি অশোক চন্দ্র, পৌর কৃষকলীগের যুগ্ম সাধারণ সম্পাদক আলালউদ্দিন রেন্টু।

এ সময় শ্রমিকলীগের সাবেক সাধারণ সম্পাদক কমরেড আব্দুস সাত্তার, কাথুলী ইউনিয়ন কৃষকলীগের সভাপতি আঃ মান্নান, ধানখোলা ইউনিয়ন ছাত্রলীগ সভাপতি ওবাইদুল্লাহ, সাবেক ছাত্রনেতা আঃ রকিব মাস্টারসহ বিভিন্ন ওয়ার্ড ও ইউনিয়নের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।